

🗏 আল-হুমাযা | Al-Humaza | ٱلْهُمَزَة

আয়াতঃ ১০৪: ৪

া আরবি মূল আয়াত:

كَلَّا لَيُنبَذَنَّ فِي الحُطَمَةِ ﴿٢﴾

🗚 অনুবাদসমূহ:

কখনো নয়, অবশ্যই সে নিক্ষিপ্ত হবে হুতামা'য়। — আল-বায়ান
কক্ষনো না, তাকে অবশ্যই চূর্ণ-বিচূর্ণকারীর মধ্যে নিক্ষেপ করা হবে, — তাইসিরুল
কখনও না, সে অবশ্যই নিক্ষিপ্ত হবে হুতামায়। — মুজিবুর রহমান

No! He will surely be thrown into the Crusher. — Sahih International

৪. কখনও না, সে অবশ্যই নিক্ষিপ্ত হবে(১) হুতামায়(২);

- (১) আরবী ভাষায় কোন জিনিসকে তুচ্ছ মনে করে ছুড়ে ফেলে দেয়া অর্থে 'নবয' نبند শব্দটি ব্যবহার করা হয়। [কুরতুবী, তাহরীর ওয়াত-তানওয়ীর] এ থেকে আপনা আপনি এই ইংগিত সুস্পষ্ট হয়ে ওঠে যে, নিজের ধনশালী হওয়ার কারণে সে দুনিয়ায় নিজেকে অনেক বড় কিছু মনে করে। কিন্তু কিয়ামতের দিন তাকে ঘৃণাভরে জাহান্নামে ছুড়ে দেয়া হবে।
- (২) হুতামা শব্দটির মূল হচ্ছে, হাতম। হাতম মানে ভেঙ্গে ফেলা, পিষে ফেলা ও টুকরা করে ফেলা। জাহান্নামকে হাতম নামে অভিহিত করার কারণ হচ্ছে এই যে, তার মধ্যে যা কিছু ফেলে দেয়া হবে তাকে সে নিজের গভীরতা ও আগুনের কারণে ভেঙ্গে গুড়িয়ে রেখে দেবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৪। কখনও না, [1] সে অবশ্যই নিক্ষিপ্ত হবে হুত্বামায়। [2]

- [1] অর্থাৎ, কখনও এমনটি হবে না, যেমন সে ভাবে ও ধারণা করে।
- [2] এমন বখীল ব্যক্তিকে 'হুত্বামাহ' জাহান্নামে নিক্ষেপ করা হবে। এটাও একটি জাহান্নামের নাম। 'হুত্বামাহ' অর্থঃ ভেঙ্গে-চুরে ধ্বংস করা।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন